

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
বরগুনা।

নম্বর: জেপ্রশিঅ/বরগুনা/১৯০৩

তারিখ: ২৭/১২/২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সরকারি প্রাথমিক বিদ্যালয় রাজস্বখাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩” এর বরগুনা জেলার লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত সময়সূচি ও বর্ণনা মোতাবেক মৌখিক পরীক্ষার কার্যক্রম সম্পাদনের নিমিত্ত তাদের প্রয়োজনীয় কাগজপত্র অত্র দপ্তরে গ্রহণ করা হবে:

উপজেলার নাম	তারিখ	সময়	মন্তব্য
বরগুনা সদর	০৩/০১/২০২৪	সকাল -০৯:০০ ঘটিকা থেকে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত	অনিবার্য কারণবশত নির্ধারিত তারিখে কাগজপত্র জমাদিতে না পারলে কারণ উল্লেখপূর্বক ১০ জানুয়ারী ২০২৪ পর্যন্ত অত্র দপ্তরে কাগজপত্র জমা দেয়া যাবে।
আমতলী			
তালতলী			
পাথরঘাটা	০৪/০১/২০২৪	সকাল -০৯:০০ ঘটিকা থেকে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত	
বামনা			
বেতাগী			

০২। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণকে অনলাইনে আবেদনের আপলোডকৃত ছবি, আবেদনের কপি (রঙীন), লিখিত পরীক্ষার প্রবেশপত্র, নাগরিকত্ব ও স্থায়ী ঠিকানার স্বপক্ষে স্থানীয় উইনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার ওয়ার্ড কাউন্সিলরের সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং শিক্ষাগত যোগ্যতার সকল সনদসহ/মার্কসীট, পোষ্য সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে উপরে বর্ণিত সময়সীমার মধ্যে জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বরগুনায় আবশ্যিকভাবে আবেদনকারী স্ব-শরীরে উপস্থিত হয়ে জমা দিয়ে প্রাপ্তি স্বীকারপত্র সংগ্রহ করতে হবে। জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সকল সনদ ও প্রয়োজনীয় কাগজপত্রের ফটোকপি (সত্যায়িত) জমা প্রদানের সময় উক্ত কাগজপত্রের মূলকপি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/প্রতিনিধিকে প্রদর্শন করতে হবে। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণ ১০ জানুয়ারী ২০২৪ তারিখের মধ্যে উপরে উল্লেখিত কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে তাদের অনুকূলে মৌখিক পরীক্ষার কার্ড ইস্যু করা হবে না।

০৩। মৌখিক পরীক্ষার সময় উপরে বর্ণিত সকল সনদপত্র/মার্কসীট, প্রাপ্তি স্বীকারপত্র ও অন্যান্য কাগজপত্রের মূল কপি প্রার্থীকে সঙ্গে আনতে হবে। মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হবে এবং তা জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বরগুনা এর ওয়েবসাইট (www.dpe.barguna.gov.bd) প্রকাশ করা হবে।



(মো: মোজাফফর উদ্দীন)

সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
পক্ষে, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
বরগুনা।

